দৈনিক
ইত্তেফাক

তারিখ 07 JUN 2016
পৃষ্ঠা ৮ কলাম ৭

# এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের পূর্ণাঙ্গ উৎসব বোনাস দিন

আমাদের শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় ৯৮%ই হলো বেসরকারি। এর মধ্যে অধিকাংশই এমপিও ভুক্ত। তারা এবং সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণ একই দায়িত্ব পালন করেন, অথচ তাঁদের মধ্যে চরম আর্থিক বৈষম্য বিরাজ করছে। যেমন সরকারি শিক্ষক-কর্মচারীদের জন্য বৈশাখভাতা ও পূর্ণাঙ্গ উৎসবভাতাসহ বদলির ব্যবস্থা ও আজীবন পেনশনের ব্যবস্থ রয়েছে। কিন্তু এমপিও ভুক্তগণ মাত্র ২৫% উৎসব বোনাস পেয়ে থাকেন। তাঁদের বদলির ব্যবস্থা নেই। বাড়িভাড়া মাত্র ৫০০ টাকা। পেনশনের ব্যবস্থা নেই। অথচ শিক্ষা কারিকুলাম, সিলেবাস, বই, বোর্ড, বিশ্ববিদ্যালয়, শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতা, সবকিছুই এক। ফলে বেসরকারি (এমপিও ভুক্ত) শিক্ষক-কর্মচারীগণ চরম হতাশ। বর্তমান দুর্মূল্যের বাজারে ২৫% উৎসব বোনাস দিয়ে উৎসবের কথা কল্পনা করাও সম্ভব নয়। এ অবস্থায়, বেসরকারি শিক্ষক-কর্মচারীদের রমজানের ঈদে পূর্ণাঙ্গ উৎসব বোনাস প্রদানের জন্য সরকারের কাছে বিনীত আবেদন জানাচ্ছি।

**মোহাম্মদ বশিরুজ্জামান,**
সহকারী অধ্যাপক, ব্যবস্থাপনা বিভাগ,
সলিমগঞ্জ কলেজ, সলিমগঞ্জ, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া